

স্মারক নম্বর: ৫৬.০৪.৮৮৯৪.০০০.২৫.০০৪.২৩-৪৯

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ  
১৬ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

**বিষয়: আইটি ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের জন্য আবেদন আহ্বান।**

ডিজিটাল বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশে রূপান্তরের মাধ্যমে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন এবং দেশের মানব সম্পদকে বিশ্বমানের হিসেবে গড়ে তোলার জন্য উল্লাপাড়া উপজেলা পরিষদের সহায়তায় ও উপজেলা প্রশাসন, উল্লাপাড়া, সিরাজগঞ্জ এর তত্ত্বাবধানে শিক্ষিত বেকার যুব মহিলা ও যুব পুরুষদের কর্মসংস্থানের নিমিত্ত উল্লাপাড়া উপজেলায় ২০(বিশ) দিনব্যাপী মোট ৬০ ঘন্টার আইটি ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কার্যক্রম সম্পূর্ণ বিনামূল্যে পরিচালনা করা হবে। আইসিটিতে দক্ষ ও ফ্রিল্যান্সিং-এ ক্যারিয়ার গঠনে আগ্রহী উল্লাপাড়া উপজেলার স্থায়ী নাগরিকদের নিম্নোক্ত সময়সূচি ও শর্তাবলী অনুসরণপূর্বক নির্ধারিত ফর্মে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

**কোর্সের নাম: ডিজিটাল মার্কেটিং**

আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ও সময়: ২৫ জুলাই ২০২৩, বিকাল ৪:০০ টা

আবেদনপত্র জমা দেয়ার স্থান: আইসিটি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, প্রশাসনিক ভবন, উপজেলা পরিষদ, উল্লাপাড়া (কক্ষ নং-১০৫, নিচতলা)।

**প্রশিক্ষার্থীর যোগ্যতা:**


- ১) ১৮-৩৫ বছর বয়সী বাংলাদেশী নাগরিক।
- ২) নূন্যতম এইচ.এস.সি পাশ ও ইংরেজীতে দক্ষ হতে হবে।
- ৩) এম.এস.ওয়ার্ড, এক্সেল, ফটোশপ, ইলাস্ট্রেটর, ইন্টারনেট ব্রাউজিং ও কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।
- ৪) নিজস্ব ল্যাপটপ আছে এমন প্রার্থী অগ্রাধিকার পাবেন।
- ৫) ফ্রিল্যান্সিং-এ ক্যারিয়ার গঠনে আগ্রহী হতে হবে।

- প্রশিক্ষার্থীদের অভিজ্ঞ ফ্রিল্যান্সারদের তত্ত্বাবধানে প্রশিক্ষণের সুযোগ রয়েছে।
- বাংলাদেশের সেরা ফ্রিল্যান্সার কমিউনিটির সাথে বিভিন্ন প্লাটফর্মে ও প্রজেক্টে কাজ করার সুযোগ থাকবে।
- ইতোমধ্যে ফ্রিল্যান্সিং কাজে নিয়োজিতদের আবেদন করার প্রয়োজন নেই।
- প্রশিক্ষণ সমাপ্তে সরকারি সার্টিফিকেট প্রদান করা হবে।
- আবেদনের ওয়ার্ড ফাইল (.doc file) আবশ্যিকভাবে [ap.ullapara@gmail.com](mailto:ap.ullapara@gmail.com) ইমেইলে পাঠাতে হবে।

বিস্তারিত তথ্যের জন্য [www.ullapara.sirajganj.gov.bd](http://www.ullapara.sirajganj.gov.bd) ও [www.doict.ullapara.sirajganj.gov.bd](http://www.doict.ullapara.sirajganj.gov.bd) ওয়েবসাইট ভিজিট করার অনুরোধ করা হলো।

**বিশেষ দৃষ্টব্য: প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের কোন প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে না।**

\*\* আবেদনকারীগণকে নির্ধারিত তারিখ ও সময়ে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে উপজেলা ওয়েব পোর্টাল ও আইসিটি অধিদপ্তরের উপজেলা পোর্টালে জানিয়ে দেওয়া হবে। পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীগণকে নিয়ে বিনামূল্যে এই প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে।

  
(মোঃ রাহেন বাদশা)  
সহকারী প্রোগ্রামার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়, উল্লাপাড়া, সিরাজগঞ্জ  
মোবাইল: ০১৭১০৫৫০২৫২  
ই-মেইল: [ap.ullapara@gmail.com](mailto:ap.ullapara@gmail.com)